

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি)



২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্য
খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি)-এর চতুর্থ কোয়ার্টারের নেতৃত্বকৃত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নুরুল্লাহ মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২৩.০৫.২০২১
সভার সময়	১১.৩০ টায়
স্থান	বিএমডির সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। চতুর্থ কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, স্ব স্ব সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন, অফিস পরিদর্শন, প্রাতিষ্ঠানিক গণশুনানি, শুদ্ধাচার পুরস্কার প্রদান ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজনের বিষয়ে সভাপতি জানতে চাইলে বিএমডির উপপরিচালক (খেনি ও খনিজ) (চলতি দায়িত্ব) জনাব মোঃ মাহফুজুর রহমান জানান গত ১৩ এপ্রিল ২০২১ তারিখ হিসেবে ইজারা সংক্রান্ত অংশীজনদের নিম্ন ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়।	ইজারা সংক্রান্ত অংশীজনদের নিম্ন অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২.৪ ক্রমিকের আওতায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। সভাপতি আগামী ২৫ মে ২০২১ তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক উক্ত প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	নির্ধারিত সময়ে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.৩	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারূপ করেন। তিনি বিএমডির ওয়েবসাইটে হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব আজিজুল হক সহকারী পরিচালক (ভূ-রসায়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর চতুর্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টেলিফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ করতে হবে। সভাপতি ওয়েবসাইটের সকল সেবা বক্স যথাসময়ে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (ভূ-রসায়ন) /আইসিটি কর্মকর্তা

২.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.২ ক্রমিকের আওতায় শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি পুর্বনির্ধারিত ২৩ মে ২০২১ তারিখে অফিস পরিদর্শন করবেন বলে অভিমত ব্যক্ত করেন।	পূর্বনির্ধারিত সময়ে বিএমডির মহাপরিচালক মহোদয় কর্তৃক অফিস পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
২.৫	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্য ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ অনুযায়ী খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি)-এর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে থেকে ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্য বিএমডির মহাপরিচালকের সভাপতিতে বাছাই কমিটি ০২ মে ২০২১ তারিখে গঠন করা হয়েছে। সভাপতি ২৫ মে, ২০২১ তারিখে বাছাই কমিটির প্রথম সভা এবং ৩০ মে ২০২১ তারিখে দ্বিতীয় সভা আহ্বানের নির্দেশনা প্রদান করেন।	ক) বাছাই কমিটির সভা নির্ধারিত সময়ে আহ্বান করতে হবে; খ) নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.৬	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.৬ ক্রমিকের আওতায় প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি জুন, ২০২১ মাসের দ্বিতীয় সপ্তাহে ইজারাদারদের নিয়ে গণশুনানি আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	গণশুনানির নেটিশ/বিজ্ঞপ্তি জারি করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নুরুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৮.৩৬.০০১.১৩.১৬০

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

বিতরণ (জ্যৈষ্ঠতার

ক্রমানুসারে নথি):

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৬) অফিস কপি।

মোসাহেব মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)